গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
www.sid.gov.bd

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্তী
সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

সভার স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সভা কক্ষ (কক্ষ নং-১১০৪, ব্লক-এ)।

সভার তারিখ ও সময়: ২৪ জুলাই ২০১৯, বুধবার, দুপুর: ১২.০০ ঘটিকায়।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট ক**

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করা হয়। অত:পর সভাপতির অনুমতিক্রমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়।

০২। কমিটির সদস্য সচিব সভায় জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের ১৩-০৬-২০১৯ তারিখের ২৭৫ নং স্মারকের নির্দেশনা মোতাবেক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক গত ১৩-০৫-২০১৯ তারিখ অনুষ্ঠিত সভায় গৃহীত কর্মপরিকল্পনার যে সকল বিষয় এ বিভাগের অ্যালোকেশন অব বিজনেস এর সাথে সম্পর্কিত নয় এবং যে সকল ক্ষেত্রে দ্বৈততা রয়েছে তা পরিহার করে গত ১৮-০৬-২০১৯ তারিখের সভায় নিম্নরুপ সংশোধিত কর্মপরিকল্পনা প্রণয়ন/গ্রহণ করা হয়।

| ক্র:ম: | সংশোধিত কর্মসূচির বিবরণ | বাস্তবায়নকাল |
|---|---|---|
| ১ | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জাদুঘরে এবং SID ও BBS-এর ওয়েব পোর্টালে ‘বঙ্গবন্ধু কর্ণার’ স্থাপনের ব্যবস্থা করা | মার্চ ২০২০ হতে মার্চ ২০২১ পর্যন্ত |
| ২ | স্বাধীনতা পূর্ববর্তী সময় এবং স্বাধীনতার পর অর্থাৎ বর্তমান আর্থ সামাজিক অবস্থানের তুলনামুলক পরিসংখ্যান প্রস্তুতি এবং BBS এর অতীত,বর্তমান ও ভবিষ্যৎ এবং অর্জন সম্পর্কে পুস্তিকা প্রকাশ | ১৭ মার্চ ২০২০ |
| ৩ | পরিসংখ্যান ভবনে স্থাপিত বঙ্গবন্ধুর সুবিস্তৃত ও সুন্দর ম্যুরাল এর চারিদিকে সৌন্দর্য বর্ধন | জুলাই ২০২০ |
| ৪ | জাতীয় শোক দিবস পালন | ১৫ আগস্ট ২০২০ |
| ৫ | বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক আলোচনা সভার আয়োজন | মার্চ ২০২০ হতে মার্চ ২০২১ পর্যন্ত |
| ৬ | বাংলাদেশের স্বাধীনতার পর থেকে বর্তমান সময় পর্যন্ত সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডসহ বিভিন্ন স্থাপনা নির্মাণ এবং বিজ্ঞান ও তথ্য প্রযুক্তিগত অর্জন ইত্যাদি প্রদর্শনের ব্যবস্থা করা | মার্চ ২০২১ |
| ৭ | ২০২১ সালে অনুষ্ঠিতব্য জনশুমারীতে ১৭ মার্চ ২০২০ কে শুমারির কাউন্ট ডাউন শুরুর তারিখ এবং ১৭ মার্চ ২০২১ কে শুমারি রেফারেন্স তারিখ ধার্য করে শুমারি কাজ পরিচালনা করা | ১৭ মার্চ ২০২০ এবং ১৭ মার্চ ২০২১ |
| ৮ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন ও জন্মশতবার্ষিকী সমাপ্তি অনুষ্ঠানের আয়োজন | ১৭ মার্চ ২০২১ |

০২। অতিরিক্ত সচিব (প্রশাসন) সভায় জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে গত ১৮-০৬-২০১৯ তারিখের সভায় মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক এ বিভাগ কর্তৃক ইতঃপূর্বে গৃহীত কর্মপরিকল্পনার যে সকল বিষয় এ বিভাগের অ্যালোকেশন অব বিজনেস এর সাথে সম্পর্কিত নয় এবং যে সকল ক্ষেত্রে দ্বৈততা রয়েছে তা বাদ দিয়ে ০৮ (আট) টি কর্মপরিকল্পনা পুন:নির্ধারন করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে গঠিত বাস্তবায়ন কমিটির ২য় সভা ১৪-০৭-২০১৯ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এ বিভাগের ১৮-০৬-২০১৯ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত কর্মপরিকল্পনা ও সিদ্ধান্তের বিষয়ে আলোচনা হয়। তিনি আরও জানান যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে ০৮ (আট) টি কার্যক্রম বাস্তবায়নের জন্য বাস্তবায়ন কমিটি ১০ (দশ) টি উপকমিটি গঠন করে। তিনি উপকমিটির সদস্যগণের পরিচিতি ও কমিটির সিদ্ধান্ত সভায় উপস্থাপন করেন।

০৩। অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) সভায় জানান যে, গত ২৩/০৭/২০১৯ তারিখ পরিকল্পনা বিভাগে অনুষ্ঠিত সভায় যে সকল কার্যক্রম পরিকল্পনা বিভাগের সাথে সম্পর্কিত সে সকল কার্যক্রম সমন্বিতভাবে উদ্‌যাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। সভাপতি তাঁর বক্তব্যে উল্লেখ করেন যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন ছিলো এ দেশের রাজনৈতিক মুক্তির পাশাপাশি অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন। ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে দেশ স্বাধীন হওয়ার পর বাংলাদেশে সঠিক পরিকল্পনা প্রণয়ন, উন্নয়ন ও অগ্রগতির স্বার্থে পরিসংখ্যানের গুরুত্ব উপলব্ধি করে জাতির পিতার দিক নির্দেশনায় ১৯৭৪ সালে বিভিন্ন মন্ত্রণালয়ের অধীনে থাকা ০৪ (চার) টি পরিসংখ্যান অফিস (পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন পরিসংখ্যান ব্যুরো, কৃষি মন্ত্রণালয়ের অধীন কৃষি পরিসংখ্যান ব্যুরো ও কৃষি শুমারি কমিশন এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন আদম শুমারি কমিশন)-কে একীভূত করে সৃষ্টি করা হয় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং ১৯৭৫ সালে পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন একটি বিভাগ হিসেবে পরিসংখ্যান বিভাগ প্রতিষ্ঠা করা হয়। তিনি এ বিভাগের কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

০৪। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদার সাথে উদ্‌যাপন লক্ষ্যে গঠিত বাস্তবায়ন কমিটি কর্তৃক গৃহীত কার্যক্রম ও কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি বিষয় সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**সিদ্ধান্ত:**

০১. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদার সাথে উদ্‌যাপনের লক্ষ্যে গৃহীত সকল কার্যক্রম নির্ধারিত সময়সীমার মধ্যে বাস্তবায়ন করতে হবে।

০২. বাস্তবায়ন কমিটি কর্তৃক গঠিত উপকমিটিসমূহ স্ব স্ব কর্মপরিকল্পনা প্রণয়ন করে গৃহীত কার্যক্রম বাস্তবায়ন করবে।

০৩. পরিকল্পনা বিভাগের সভার সিদ্ধান্ত অনুযায়ী যে সকল কার্যক্রম পরিকল্পনা বিভাগের কার্যক্রমের সাথে সম্পর্কিত সে সকল কার্যক্রম সমন্বিতভাবে সম্পাদন করতে হবে।

০৪. প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় ও অন্যান্য সংস্থা হতে প্রাপ্ত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সংক্রান্ত সকল চিঠিপত্র যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং প্রাপ্ত চিঠিপত্রের দিকনির্দেশনা দ্রুত বাস্তবায়ন করতে হবে।

০৫. আগস্ট, ২০১৯ মাসের মধ্যে বাস্তবায়ন কমিটি কর্তৃক গঠিত উপকমিটিসমূহ সভার আয়োজন করবে।

০৬. বাস্তবায়ন কমিটি উপকমিটিসমূহের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য আগস্ট, ২০১৯ মাসের মধ্যে সভা সম্পন্ন করবে।

০৭. বাস্তবায়ন কমিটি আগস্ট, ২০১৯ মাসের সভা সম্পন্ন করে উদ্‌যাপন কমিটির সাথে আলোচনাক্রমে একটি সভা আয়োজনের ব্যবস্থা গ্রহন করবে এবং উক্ত সভায় উপকমিটিসমূহের সকল সদস্যকে উপস্থিত থাকতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৪-০৭-২০১৯
(সৌরেন্দ্র নাথ চক্রবর্ত্তী)
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
ও
সভাপতি
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন কমিটি

নং-৫২.০০.০০০০.০০৫.০৫.০৯৮.১৯.৩০০৭

তারিখঃ ০৯ শ্রাবণ ১৪২৬ / ২৪ জুলাই ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। ড.কামাল আবদুল নাসের চৌধুরী, প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (৫ম তলা) ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
০২। অতিরিক্ত সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ই-২৭/এ, আগারগাঁ,ঢাকা-১২০৭।
০৪। যুগ্মসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
০৬। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৭। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৮। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৯। অফিস কপি।

২৪/০৭/১৯

(মোঃ রফিকুল ইসলাম)
উপসচিব
ও
সদস্য সচিব
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদযাপন কমিটি
☎ ৫৫০০৭০৭৭